

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৩৪

ا كتاب التجارات) ३২/ त्रावञा-वां विका

পরিচ্ছেদঃ ১২/৪০. বাজারসমূহ এবং তাতে প্রবেশের নিয়ম।

بَابِ الْأَسْوَاقِ وَدُخُولِهَا

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُسْتَمِرِّ الْعُرُوقِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا عُبَيْسُ بْنُ مَيْمُونٍ، حَدَّثَنَا عَوْنٌ الْعُقَيْلِيُّ، عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، عَنْ سَلْمَانَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " مَنْ غَدَا إِلَى صَلَاةِ الصُّبْحِ غَدَا بِرَايَةِ الإِيمَانِ وَمَنْ غَدَا إِلَى السُّوقِ غَدَا بِرَايَةِ إِبْلِيسَ " .

বাংলা

২/২২৩৪। সালমান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি ভোরবেলা ফজরের নামায পড়তে রওয়ানা হয় সে ঈমানের পতাকা নিয়ে রওয়ানা হয়। আর যে ব্যক্তি সকাল বেলা বাজারের উদ্দেশে রওয়ানা হয়, সে শয়তানের পতাকা নিয়ে রওয়ানা হয়।

English

It was narrated that Salman said:

"I heard the Messenger of Allah (ﷺ) saying: 'Whoever goes to the Morning prayer first thing in the morning, he goes out with the banner of faith but whoever goes out to the marketplace first thing in the morning, he goes out under the banner of Iblis (Satan).' "

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মিশকাত ৬৪০।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী উবায়স বিন মায়মুন সম্পর্কে আবু বকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল। তিনি তার দা'ওয়াতুল কাবীর এর মাঝে বলেন, তিনি মুনকারুল হাদিস। আবু হাতিম আর-



রাযী বলেন, তিনি মিথ্যার সাথে অভিযুক্ত। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইমাম তিরমিযি বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ছিলেন। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭৬১, ১৯/২৭৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন